সংবাদ

তারিখ 15 AUG 2016
পৃষ্ঠা ...১৩... কলাম ...২...

৩৪তম বিসিএস

# উত্তীর্ণ ৪৫০ শিক্ষক মাধ্যমিকে নিয়োগ

নিজস্ব বার্তা পরিবেশক

৩৪তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ হয়েও ক্যাডার না পাওয়া প্রার্থীদের মধ্য থেকে ৪৫০ জনকে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছে সরকারি কর্মকমিশন (পিএসসি)। এছাড়াও একই বিসিএসে উত্তীর্ণ আরও ১০ জনকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদফতরে নিয়োগ দিয়েছে সংস্থাটি। গতকাল এ বিষয়ে আদেশ জারি করা হয় বলে পিএসসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়।

সুপারিশকৃত প্রার্থীদের মেডিকেল বোর্ড স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা করলে এবং যথাযথ এজেন্সির মাধ্যমে প্রাক-নিয়োগ জীবনবৃত্তান্ত যাচাইয়ের পর তাদের চূড়ান্ত নিয়োগ দেয়া হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়। ৩৪তম বিসিএসের চূড়ান্ত পরীক্ষায় উত্তীর্ণ চাকরি প্রার্থীদের মধ্য থেকে এর আগে, গত ১০ আগস্ট ৮৯৮ জনকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে নিয়োগ দেয়া হয়।

গতকাল মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক হিসেবে বাংলায় ১১ জন, ইংরেজিতে ৯৮ জন, গণিতে ৭৩ জন, সামাজিক বিজ্ঞানে ৪৮ জন, ভৌত বিজ্ঞানে ৪৯ জন, জীববিজ্ঞান ৫০ জন, ব্যবসায় শিক্ষায় ৪৮ জন, ভূগোলে ২৩ জন, ইসলাম শিক্ষায় ২৫ জন, কৃষি শিক্ষায় ২৪ জন এবং চারুকলায় একজনকে নিয়োগ দেয়া হয়েছে।

আর পরিবেশ ও বন মন্ত্রণালয়ে নিয়োগ পাওয়াদের মধ্যে পরিবেশ অধিদফতরের জুনিয়র কেমিস্ট পদে দুই জন, সহকারী বায়ো-কেমিস্ট পদে একজন এবং পরিদর্শক পদে সাতজনকে নিয়োগ দেয়া হয়েছে। এর আগে ৩৪তম বিসিএসের লিখিত ও মৌখিক পরীক্ষায় ছয় হাজার ৫৮৪ জন উত্তীর্ণ হয়, যাদের মধ্যে থেকে দুই হাজার ১৫৯ জনকে বিভিন্ন ক্যাডারে নিয়োগের সুপারিশ করে পিএসসি।

বিসিএসে উত্তীর্ণদের মধ্য থেকে (যাঁরা ক্যাডার পাননি) দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা হিসেবে নিয়োগ দিতে ২০১৪ সালের ১৬ জুন নন-ক্যাডার পদের নিয়োগ বিধিমালা সংশোধন করে সরকার।